

নাটক  
নাটক

সুদীপ্ত ভৌমিক

কালশুদ্ধি

রচনাকাল : ২০০৪

প্রথম অভিনয় : এপ্রিল ২১, ২০০৪, টরেন্টো, কানাডা; প্রযোজনা :  
এথনোমিডিয়া সেন্টার ফর থিয়েটার আর্টস (ECTA)

অভিনয়

সুবিমল : ইন্দ্রনীল মুখার্জি  
সমু ( সোমশুভ্র ) : সুজয় মেনন/অমিতাভ রায়  
ভাস্কর : পিনাকী দত্ত  
চন্দ্রিমা : গার্গী মুখার্জি/ কেকা সরকার

নির্দেশনা : সুদীপ্ত ভৌমিক

২০০৭ স্যাস (২৪) পত্রিকায় কালশুদ্ধি নাটকটি প্রকাশিত হয়।

স্থান: উত্তর আমেরিকার কোন এক শহরতলি

কাল: সকাল

[সুবিমলের বাড়ির বেসমেন্ট। সুবিমল আরো বড় বাড়িতে উঠে যাচ্ছে। সুবিমলের স্ত্রী চন্দ্রিমাকে জরুরি কারণে দেশে চলে যেতে হয়েছে। ছেলে সমু এসেছে কলেজ থেকে দুদিনের ছুটিতে বাবাকে সাহায্য করতে। বেসমেন্ট ভরতি প্যাকিং বাক্স, মূলত বই। চারিপাশে অনেক বই ছড়ানো। বোঝা যাচ্ছে কেউ বইগুলো গুছিয়ে বাক্সে তোলার চেষ্টা করছে— কিন্তু মঞ্চে কাউকে দেখা যায় না। সুবিমল দুই হাতে দুটো কফির মগ হাতে নিয়ে বেসমেন্টের সিঁড়ি দিয়ে নেমে আসে।]

সুবিমল। সমু! সমু! Here is your office [নীচে নেমে কাউকে দেখতে পায় না।]

সুবিমল। সমু—কোথায় গেলি? সমু? [কিছু বাক্সের আড়াল থেকে সমু বেরিয়ে আসে।]

সমু। Dad, I'm here! I can hear you!

সুবিমল। শুনতে পারছিসতো সাড়া দিচ্ছিস না কেন? ওফ, দু-দুবার এই গরম কফি হাতে পড়ল। নে, নে ধর।

সমু। Oh Oh! I'm sorry Dad! [সমু লাফ দিয়ে সামলে এসে কফি নেয়] So you still have some stuff left! কফি পেয়েছ তাহলে? সুবিমল ওপরে একটা বাক্সে দেখলাম একটা ইন্সট্যান্ট কফির শিশি আর মগ গুলো। তোর মা বোধহয় রেখে গেছে।

সমু। How thoughtful of her. [কফির মগে একচুমুক দিয়ে মুখ বিকৃত করে] Yuck!

Your coffee is bad Dad!

সুবিমল । কেন? কেন? [কাপে চুমুক দেয়]

সুবিমল । Yeah, you are right! অনেকদিনের পুরোনো হবে বোধহয়— ইলট্যান্ট কফি বেশিদিন রাখলে একটু স্টেল হয়ে যায়।

সমু । Don't bother Dad! I can drink it just fine! [হাতের বইটা বাবাকে দেখায়।]

Dad, look at this! I just found it।

সুবিমল । পড়েছিস বইটা?

[সুবিমল বইগুলো বাস্তব ভরতি করার কাজে ব্যস্ত হয়ে পড়ে।]

সমু । Nope! It seems to be interesting। You never told me you had this!

সুবিমল । বলব আবার কি? বইটা তো এখানেই ছিল, তুই কখনো খুঁজে দেখেছিস?

সমু । OK! OK! I know, I know।

সুবিমল । [মুচকি হেসে] তাহলে? বইটা পড়ে দেখ, অনেক কিছু জানতে পারবি।

সমু । [বইটার পাতা ওলটাতে ওলটাতে] Yup! I was leafing through। It's about India's independence, right? Talks about Gandhi too।

সুবিমল । বইটা আগে পড়েই দেখ না? But don't just accept all that is said। It's just perspective। Remember, Gandhi was not the only person responsible for India's freedom।

সমু । I heard this before... from you! So you don't think Gandhi was the father of the Indian nation?

সুবিমল । সমু, ভারতের স্বাধীনতার জন্য অনেক, অনেক লোকের অবদান রয়েছে— Gandhi was just one of them। Yeah, the media hyped him up a bit, but that does not mean the British left just because of Gandhi's non-violence and hunger strikes।

সমু । Well isn't that typical of a Bengali? No Bengali of Kolkata accept Gandhi as their leader, right? Your hero is that guy... what's his name... the guy in the military uniform? Yes, Subhas Chandra Bose! Kolkata airport is named after him।

সুবিমল । হ্যাঁ, Netaji Subhas Chandra Bose! He was the man! if he had survived that plane crash, India would have been a different nation today। সমু, ইংরেজরা ভারতকে স্বাধীনতা দিয়েছে ভিক্টর মতো— নেতাজি চেয়েছিলেন কেড়ে নিতে।

সমু । But Dad, didn't this guy join hands with the Nazi, with Hitler? wasn't he a fascist?

সুবিমল । Somu, please don't judge a person only from his actions! You need to understand his motives and intentions too। Enemy of my enemy is a friend, and that is why Netaji took help from Germany। He was never a fascist.

সমু । But Dad...

সুবিমল । ব্যস ব্যস অনেক হয়েছে! আর নয়! বইটা শেষ করো, তারপর কথা হবে। একটু পরেই মুভাররা এসে পড়বে। বইগুলো গুছিয়ে ফেলতে হবে।

সমু । Okay, Okay, don't worry, we'll manage। [কতগুলি বই দেখিয়ে বলে] Dad, I'll take this book and few others I have selected to my apartment. Is that Okay?

সুবিমল । ঠিক আছে, নিয়ে যা। তবে হারিয়ে ফেলিস না যেন। [সুবিমল একটি ভারি বাস্তব তোলায় চেষ্টা করে] আয়, একটু হাত লাগা তো। [সমু ও সুবিমল দুজনে বাস্তবটাকে ধরে সরায়] তোদের ক্লাস শুরু হচ্ছে কবে থেকে?

সমু । Monday— then I have a test coming up next week। [বাস্টা নামাতে গিয়ে সমু তার আঙুলে আঘাত পায়] Ouch!

সুবিমল । কী রে লাগল?

সমু । I am fine! Dad, why didn't you let the movers pack your books? Why do we have to do all this hard work?

সুবিমল । Somu, I wanted to sort these books into separate boxes myself। Those dumb movers wouldn't know the difference between a dictionary and a novel।

সমু । God! you really love books, don't you? This is almost like a small library। No wonder, Mom never wanted to come down here।

সুবিমল । [হেসে ফেলে] তোর মা বলে এই বইগুলো ওর সতীন। সতীন মানে কী বুঝিস?

সমু । Sotini? what's that?

সুবিমল । থাক, তাহলে আর বুঝে কাজ নেই।

সমু । [বই গোছাতে গোছাতে] But Dad, I don't think you should have let Mom go to India now।

সুবিমল । সমু, তুই জানিস তোর দাদু কত অসুস্থ? এই সময় মা যাবে না তো কখন যাবে? Isn't Dadu more important than our move?

সমু । But Dadu is doing better now।

সুবিমল । তা আছে, তবে তোর মা গেছে বলেই হয়তো এখন একটু ভালো বোধ করছেন।

সমু at 85 years of age, with severe pulmonary disorder, ভালো থাকটাই abnormal। মাকে এখন একটু ওর বাবার কাছে থাকতে দে। [সমু চুপ করে থাকে] সুবিমল। [সমুর কাছে এসে] সমু, তোর দাদুকে দেখতে ইচ্ছে করে না?

সমু। [প্রায় অন্যমনস্ক হয়ে] Dadu always cried... when we arrived in Kolkata... again when we left।

সুবিমল। হ্যাঁ, তোর দাদু তোকে খুব ভালোবাসে সমু! তুই কি অল্প কিছুদিনের জন্যেও যেতে পারবি না?

সমু। Dad, You know I can't do it। I have tests and final exams coming up।

সুবিমল। Yes, You are right। Well, You got to do what you got to do!

[কফির মগটা তুলে একটা চুমুক দিতেই মুখ বিকৃত করে বিষাদে।]

সুবিমল। নাঃ, এই কফিটা সত্যি আর খাওয়া যাচ্ছে না। I need some beer।

সমু। Yes! Beer! That'll be great।

সুবিমল। Uh Oh! You are not yet twenty-one my boy। No beer for you।

সমু। Come on Dad! It's just a month away। Be a sport।

সুবিমল। ঠিক আছে কাজ কর, তারপর দেখা যাবে। আমি চট করে সামনের লিকার স্টোরটা থেকে একটা সিব্র প্যাক নিয়ে আসি, কেমন! ফাঁকি দিবি না কিন্তু।

সমু। Okay Dad! Miller light for me।

সুবিমল। মারব এক খাল্লা। Miller Light! Heineken is the best।

[সুবিমল সিঁড়ি দিয়ে উঠে যায়। সমু আবার বই নিয়ে ব্যস্ত হয়ে পড়ে। বই ভরতি একটা ব্যাগ সরাতে গিয়ে ব্যাগের তলা খুলে যায় আর হুড়মুড় করে বই স্টেজময় ছড়িয়ে পড়ে।]

সমু। Damn! I just made a fool of myself। [নিজেকে শাস্ত করে আবার বইগুলো কুড়োতে শুরু করে]

সমু। I wonder how he classified this box। God, he has all sorts of books। [হঠাৎ বইয়ের স্তুপের ভেতর থেকে একটা ছোট ডায়েরি সমুর হাতে চলে আসে। কৌতূহলবশত ডায়েরিটা খুলে দেখে সমু।] Hmm... a diary? This looks interesting। (ডায়েরির প্রথম পাতা পড়ে) "Power grows from the barrel of a gun"—Wow! This sounds like explosive stuff—1967—interesting। [সমু ডায়েরি পড়তে থাকে] January 12, 1987... [নেপথ্যে সুবিমলের কণ্ঠে শোনা যায়]

সুবিমল। Armed revolution is the only solution! Comrade Charu Mazumdar is right। Passive socialism can never bring in revolution।

The path demonstrated by Comrade Mao and Lin Piao is the only path। Power grows from the barrel of a gun!

সমু। [ডায়েরিটা বন্ধ করে। সামান্য ইতস্তত করে— পড়টা উচিত হচ্ছে কি? সন্তর্পণে সিঁড়ির কাছে গিয়ে বোঝার চেষ্টা করে সুবিমল ফিরেছে কিনা। কিন্তু নিজের কৌতূহল দমন করে রাখতে পারে না বেশিক্ষণ—আবার ডায়েরি পড়তে শুরু করে।] February 2, 1967.

Comrade Charu Mazumdar...

সুবিমল। [নেপথ্য কণ্ঠে] Comrade Charu Mazumdar! What a charismatic personality! His eyes—I have never seen such deep and glaring eyes। Who could have thought that this frail man had so much power? This is indeed a historic day for me। Thank you "B" for introducing me to this great leader।

সমু। "B"? Who is "B"? [পড়তে থাকে]

সুবিমল। [নেপথ্যে] It is amazing how clear comrade Mazumdar's thoughts are। He has the perfect vision। We need to rise from the grass roots level; one step at a time. "B" says, Comrade Charu Mazumdar wants to win one village at a time. One small liberated village at a time, and gradually surround the cities with these liberated regions। Cities should be our final frontier. We should fight with whatever arms we can get our hands on।

সমু। [দ্রুত কিছু পাতা বাদ দিয়ে আবার পড়তে থাকে] February 24, 1967। Today "B" and "S" had a fight...

সুবিমল। [নেপথ্যে] Today "B" and "S" had a fight, a fight; of words, "S" is still not convinced that the poor peasants of Bengal can fight against an organized army of Police. "B" believes China will help us with arms and logistical support.

সমু। [দ্রুত কিছু পাতা বাদ দিয়ে আবার পড়তে থাকে] March 3, 1967...

সুবিমল। [নেপথ্য কণ্ঠে] Today is a historic day. Naxalbari Zindabad! For the first time a small group of peasants of Naxalbari snatched away their land from their oppressing landlords. They didn't have any guns. Only few bows and arrows and few axes were enough. I wonder what can be achieved with guns and other fire arms. Comrade Charu Mazumdar zindabad. Long live Comrade Charu Mazumdar. "S" has

stopped arguing !”

সমু । [দৃশ্যত উত্তেজিত। দ্রুত আরও কিছু পাতা বাদ দিয়ে পড়তে থাকে।] June 28, 1967...

সুবিমল । [নেপথ্য কণ্ঠে] Radio China made a historic announcement today.

They acknowledged the Naxalbari incident ! The Chinese communist party now fully supports our actions ! We will not be suppressed by anyone !

সমু । March 13, 1969 । Anihilation of the class enemy is a must!

সুবিমল । [নেপথ্য কণ্ঠে] Anihilation of the class enemy is a must? “B” believes that Comrade Mao’s thoughts are absolutely perfect! M and I do have some doubts । Theories and policies that are applicable in China may not work in India! What good are we achieving by killing few poor, frail police constables and college professors? I need to talk to B about this ।

সমু । [দ্রুত কিছু পাতা বাদ দিয়ে] May 10, 1969...

সুবিমল । [নেপথ্যে] Tonight I participated in my first action! Can’t say it was entirely successful! The bomb hit the police station walls, but I don’t think it caused any significant damage । B and M were with me । I was very nervous । Nevertheless, I am becoming quite an expert in making bombs ।

[সুবিমল একটি রবীন্দ্রসংগীতের সুর গুন গুন করতে করতে

সিঁড়ি দিয়ে নেমে আসে, হাতে হাইনিকিন বিয়ারের প্যাকেট ।]

সুবিমল । [সমুকে মনোযোগ সহকারে বই পড়তে দেখে] কিরে আবার পড়তে বসে গেছিস? ওরা যে এখনি এসে পড়বে।

[সমু ডায়েরি পাঠে নিমগ্ন। কোনো উত্তর দেয় না।]

সুবিমল । [বিয়ার ক্যান খুলতে খুলতে] কী পড়ছিস কী এত মন দিয়ে? [সমু নিরুত্তর দেখতে পারি? [সমু কেবল একবার হাত তুলে ডায়েরিটা দেখায়। সুবিমল চমকে ওঠে]

সুবিমল । একী, এটা তুই কোথায় পেলি? Give it to me ।

সমু । [ডায়েরি থেকে মুখ তুলে] Dad, is this your’s? Is this you?

সুবিমল । Somu, give me the damn diary ।

সমু । But Dad, this is really hot stuff! Is this your hand writing?

সুবিমল । Somu, I am not going to answer any of your questions! Give me the diary , now!

সমু । Sure, I’ll give it back, just let me finish reading it । I won’t take long ।

সুবিমল । [চিৎকার করে ওঠে] Somu, I said give me the damn diary... now!

সমু । Okay! Okay! You don’t have to yell at me । Here is your diary ।

সুবিমল । [ডায়েরি হাতে পেয়ে দ্রুত পাতা উলটে কিছু দেখে নেয়।] Somu, you are old enough to know that you should not be reading someone’s personal diary without his permission?

সমু । I am sorry! I didn’t know it was a diary । The first sentence grabbed my attention । What a line! “Power grows from the barrel of a gun”! Wow! Whose line was that Dad?

সুবিমল । [কাজে ব্যস্ত হয়ে পড়ে] Mao Tse Dong.

সমু । Mao Tse Dong? You mean the guy who was the premier of China?

সুবিমল । হ্যাঁ, চিনের কমুনিস্ট পার্টির চেয়ারম্যান ।

সমু । So this is your diary, right?

[সুবিমল চুপ করে থাকে।]

সমু । Yes! I knew it । Wow! It’s so cool! I could have never imagined you as a communist, that too a revolutionary one । Dad, are you still a communist?

সুবিমল । না না আমি কমুনিস্ট নই... I was never a communist । ওসব অল্প বয়েসের পাগলামো ।

সমু । Come on Dad! You don’t have to hide । The stuff you wrote in this diary is explosive । You talk about real actoin! Dad... You made bombs... right? [সুবিমল প্রশ্নটা এড়াতে চেষ্টা করে বই গোছানোতে ব্যস্ত হয়।] Come on Dad, tell me more about it । I want to know ।

সুবিমল । বলছিতো ওসব পাগলামো ছাড়া কিছুই নয়। কিছু পাগল বন্ধু বাম্বদেবের পান্নায় পড়ে political fantasy Land-এ কিছুদিন ছিলাম আর কী । A sort of romanticism...nothing more ।

সমু । Dad, can I make a request? you can’t say no to me ।

সুবিমল । কী?

সমু । Can I have the diary? Please! I will give it back to you the moment I finish reading it । I promise! please Dad । [হাঁটু মুড়ে হাত জোড় করে ] দয়া করো বাবা ।

সুবিমল । [হেসে ফেলে] ঠিক আছে। কিন্তু প্রমিস কর। আর কাউকে দেখাবি না—মাকেও না।

সমু । I promise ! I swear to God, I'll never give it or talk about it to a soul ! [সুবিমল ডায়েরিটা সমু হাতে তুলে দেয়] Thanks Dad!

[সমু সিঁড়ির দিকে এগিয়ে যায়, তারপর হঠাৎ ফিরে আসে।]

সমু । Dad, the few pages I read sounds really promising for a great book ।

So if I like it I may take it to a publisher, Okay?

সুবিমল । তবে রে—ইয়ারকি হচ্ছে? দে, আমার ডায়েরি ফেরত দে।

সমু । [সিঁড়ি দিয়ে উঠে যায়] As soon as I finish reading...

সুবিমল । যাচ্ছিস কোথায়? বইগুলো গুছোতে হবে না?

সমু । [সিঁড়ির ওপর থেকে] To the bathroom... I hope some toilet paper is still left ।

[সমু চলে যেতেই সুবিমল ছড়ানো বইগুলো থেকে পাগলের মতো কিছু খুঁজতে

থাকে। বাস্তুগুলোর ভেতরেও খুঁজতে থাকে— একটা বাস্তু থেকে বই ঢেলে

ফেলে খুঁজতে থাকে। পেছনে অন্ধকারের ভেতর

থেকে বেরিয়ে এসে পেছনে দাঁড়ায় ভাস্কর।]

ভাস্কর । কি খুঁজছিস সুবিমল?

সুবিমল । [চমকে ঘুরে দাঁড়ায়] কে? কে ওখানে? তুই? ভাস্কর—তুই এখানে?

ভাস্কর । কেন? আসতে নেই? তুই আমাকে ছেড়েছিস বলে আমাকেও যে তোকে ছাড়তে হবে এমন কোনো কথা আছে কী?

সুবিমল । তোকে ছেড়েছি? কি বলছিস কি তুই? তুই তো—

ভাস্কর । ঠিকই বলেছিস। তুইও বোধহয় ছাড়তে পারিসনি আমায়, তাই আজ বহুদিন বাদে সেই পুরোনো দিনের কথাগুলো যখন উঠেই এল— তখন মনে হল হয়তো আমাদের কথাগুলোও সারা দরকার, কি বল?

সুবিমল । কী বলছিস তুই? তোর সাথে কথা সারব মানে? তুই তো নেই, তুই তো মৃত।

তোর তো কোনো অস্তিত্বই নেই।

ভাস্কর । বলছিস? সত্যি? আমার কোনো অস্তিত্ব নেই তোর জীবনে?

সুবিমল । না নেই। থাকতে পারে না।

ভাস্কর । কিন্তু সুবিমল একটু পরেই তোর ছেলে সমু এসে যদি এই প্রশ্নটা করে, কী উত্তর দিবি তুই?

সুবিমল । সমু কী করে প্রশ্ন করবে? ও কিছু জানে না।

ভাস্কর । জানে না, কিন্তু একটু বাদেই তো জানতে পারবে। তুই তো ওকে ডায়েরিটা

দিয়ে দিলি পড়তে।

সুবিমল । ডায়েরিতে কিছু নেই।

ভাস্কর । সত্যি?

সুবিমল । বলছি তো, ঐ ডায়েরিতে কিছু নেই।

ভাস্কর । আচ্ছা সুবিমল, তোকে একটা প্রশ্ন করব?

সুবিমল । কী?

ভাস্কর । তুই কি সত্যি চেয়েছিস তোর অতীতকে ভুলে যেতে, মুছে ফেলতে?

সুবিমল । হ্যাঁ চেয়েছি। অবশ্যই চেয়েছি। কে চায় সেই সব বিভীষিকাময় দিনগুলোকে মনে রাখতে?

ভাস্কর । তাহলে তোর ডায়েরিগুলো রেখেছিস কেন? পুড়িয়ে ফেলে দিস নি কেন?

সুবিমল । বিশ্বাস কর, চেয়েছিলাম। সব পুড়িয়ে শেষ করে দিতে চেয়েছিলাম, অনেক কিছু দিয়েওছি। কিন্তু—

ভাস্কর । কিন্তু কি?

সুবিমল । ঐই ডায়েরিটা যে কি করে করে survive গেল জানিনা।

ভাস্কর । ডায়েরিটা না ডায়েরিগুলো?

সুবিমল । ডায়েরিগুলো নয়, ডায়েরিগুলো নয়—ডায়েরিটা।

ভাস্কর । ঠিক আছে, ঠিক আছে—উত্তেজিত হচ্ছিস কেন। তুই দেখছি সেই আগের মতোই আছিস।

সুবিমল । একইরকম আছি? ভাস্কর, তেত্রিশ বছর পার হয়ে গেছে, শেষ আমাদের কবে দেখা হয়েছিল? ১৯৭১— তুই কতটুকু জানিস, আমি কতটা বদলে গেছি?

ভাস্কর । হ্যাঁ, কিছুটা তো বদলেছিস বটেই। তুই তো আর সেই প্রলেতেরিয়েত জনযোদ্ধা নোস। তুই এখন আমেরিকার প্রতিষ্ঠিত করপোরেট অফিসার। কতবড় বাড়ি করেছিস, আরও বড় বাড়িতে উঠে যাচ্ছিস। তোর গ্যারাজে লেব্রাস, ইনফিনিটি। সিঙ্গেল মন্ট হুইস্কি ছাড়া তুই ড্রিঙ্ক করিস না। আজকের এই সুবিমল আর বাটের দশকের শেষের সেই হেঁড়া চপ্পল আর কাঁধে ঝোলা ব্যাগধারী সুবিমল কী করে এক হবে বল?

সুবিমল । ভাস্কর, তুই চলে যা। হ্যাঁ, এখন চলে যা। আমি তোর কাছে হাত জোড় করছি। তোর কাছে ক্ষমা চাইছি। যা করেছে, যা ভুল করেছে— আমাকে মাফ করে দে। যা হবার হয়ে গেছে— প্লিজ আমাকে রেহাই দে—প্লিজ।

ভাস্কর । [ হাঃ হাঃ করে হেসে ওঠে] আমি তোকে রেহাই দেব? সুবিমল তুই তো জানিস আমি তোকে ক্ষমা করবার কেউ নই। তোর মনে আছে, সালটা বোধহয় ১৯৬৯ তাই না? আমরা তখন মেদিনীপুরের ডেবরাতে। সেপ্টেম্বর মাস তাই তো? Action -এর সময় তুইও তো ছিলি। ডেবরার জোতদার খতম হল সেই action -এ।

লোকটা মরবার আগে হাত জোড় করে বলেছিল রেহাই দাও, ক্ষমা করো। সেই রাতে তুই কিন্তু বলেছিলি we are not the ones to pardon him, he has to pardon himself first।

সুবিমল। না, আমি ও action-এ ছিলাম না। আমি কাউকে কখনো খুন করিনি। সব মিথ্যে কথা।

ভাস্কর। আমি কি বলেছি তুই খুন করেছিস? আমরা সবাই জানতাম তোর দ্বারা বড়জোর কতগুলো বোমা বানানো যাবে, তার বেশি কিছু নয়। Anihilation movement -এ যোগদান করার মতো কলজের জোর তোর কখনই ছিল না। সেটা তো বারবারই প্রমাণ হয়ে গেছে, কি বল? [ভাস্কর চুপ করে থাকে] কিন্তু একটা ব্যাপার কিন্তু তোর খুব ভালো দখলে ছিল।

সুবিমল। কী?

ভাস্কর। থিওরিটিক্যাল ব্যাপারটা কিন্তু তুই খুব ভালো বুঝতি, বোঝাতেও পারতিস। যদিও আমিই তোকে এই রাজনীতিতে নামিয়েছিল, ওসব থিওরি-টিওরির আমি খুব একটা ধার ধারতাম না। কমরেড C. M. -এরও নজরে পড়েছিল তোর লেখাটোখা।

সুবিমল। C.M. ? চারু মজুমদার? আমার লেখা পড়েছেন?

ভাস্কর। হ্যাঁ, লিবারেশন কাগজটাতে তো ছদ্মনামে তুই বেশ কয়েকটা আর্টিকল লিখেছিলি, তাই না? তোর কাছে কোনো কপি নেই?

সুবিমল। না নেই।

ভাস্কর। সত্যি নেই? নাকি খুঁজলে ঐ ডায়েরিটার মতো হঠাৎ এদিক ওদিক থেকে বেরিয়ে পড়বে?

সুবিমল। না, বেরিয়ে পড়বে না। বাবা সব পুড়িয়ে ফেলেছিলেন। খালি ডায়েরিটা আমার কাছে ছিল। সব-ভুল ভাস্কর, সব, সব ভুল। সব ভুল লিখেছি আমি, সবাই ভুল কথা লিখেছে।

ভাস্কর। ভুল? তুই যে লিখেছিলি, “We acquired a fake independence—our nation is nothing but a semi colony of the British imperialism”— সেটা ভুল? তাহলে একটু আগে কি করে ছেলেকে বলছিলি, ‘ইংরেজরা ভারতকে স্বাধীনতা দিয়ে গেছে ভিক্টর মতো’— সেটা ভুল?

সুবিমল। Bhaskar, you are taking things out of context।

ভাস্কর। [হেসে ওঠে] Out of context? হ্যাঁ সেটা মানতে পারি বটে, আমেরিকার মাটিতে দাঁড়িয়ে আজকের দিনে কথাগুলো শুনতে ভালো লাগে না। যে ছেলে একদিন লিখেছিল, “ We need to fight against all forms of revisionism”, সর্বপ্রকার

শোধনবাদের বিরুদ্ধে আমাদের সংগ্রাম—সেই ছেলে আজ কতটা পরিশুদ্ধ হয়েছে তাই দেখছি।

সুবিমল। কেন, পার্টির নেতারা শুদ্ধ হননি? শুধু আমাকে দোষ দিচ্ছিস কেন? পার্টিই পরে declare করেনি, আমাদের সমস্ত মতবাদ ও পদ্ধতি সঠিক ছিল না? বলেনি, সময় এবং জাতির চরিত্রকে বুঝতে ভুল করেছিল? বলেনি, “Anihilation of the class enemy is not the only approach towards resolution”?

ভাস্কর। আমি পার্টির কথা শুনতে আসিনি সুবিমল, আমি তোর কথা শুনতে এসেছি। সংগ্রামের পথে, বিপ্লবের পথে, মুক্তির পথে সকলেই একটু-আখুঁট ভুল করে। পার্টি ভুল করেছে, ঠিক আছে। ভুল শোধরাচ্ছে এখন, হাজার হাজার ছেলেমেয়ের লাশের ওপর দাঁড়িয়ে শোধরাচ্ছে সেই ভুল। ওসব কথা ছেড়ে দে। আজ তোর কথা বল। তুই কি তোর ভুল শোধরাতে পেরেছিস? শোধনবাদ তোকে কতটা শুদ্ধ করতে পেরেছে বলবি আমাকে?

সুবিমল। [ফ্যাল ফ্যাল করে চেয়ে থাকে] ভুল? মুক্তি? তুই কী বলছিস ভাস্কর? কিসের মুক্তি?

ভাস্কর। [হাঃ হাঃ করে হেসে ওঠে] কি অদ্ভুত ব্যাপার তাই না। তুই দাঁড়িয়ে আছিস on the land of freedom, আর তোকে জিজ্ঞাসা করছি তুই মুক্তি পেয়েছিস কিনা? ব্যাপারটা কিরকম হাস্যকর, না? আচ্ছা ঠিক আছে ওসব কথা ছেড়ে দে। তোর কথা বল। কেমন সুখে আছিস বল? তোর ছেলোটা কিন্তু খুব ভালো হয়েছে। বেশ Intelligent—America তে বড় হলে কি হবে, সব খবরাখবর রাখে তাই না।

সুবিমল। হ্যাঁ ও হার্ভার্ডে পড়ছে।

ভাস্কর। বাঃ হার্ভার্ড! তবে তো intelligent হবেই, কি বল? নরানাং মাতুলক্রমঃ।

সুবিমল। ভাস্কর প্লিজ আমার এখন অনেক কাজ। একটু বাদেই মুভাররা এসে পড়বে।

ভাস্কর। তোর এই নিয়ে কত নম্বর মুড হলরে? খান দশেক না, এদেশে আসার পর থেকে? আর কত পালিয়ে বেড়াবি রে সুবিমল?

সুবিমল। কে বলেছে আমি পালিয়ে বেড়াচ্ছি? কে? আমি কাউকে ভয় পাই না।

ভাস্কর। নিজের অতীতকেও নয়?

সুবিমল। [চিৎকার করে ওঠে] না!

[সমু সিঁড়ির মুখে এসে বাবাকে দেখে থমকে দাঁড়ায়। সমু ভাস্করকে দেখতে পায় না।]

সমু। Dad, are you alright? Is everything OK?

সুবিমল। [নিজেকে সামলে নেবার চেষ্টা করে] হ্যাঁ হ্যাঁ সব ঠিক আছে।

সমু। [চারিদিকে ছড়ানো বই লক্ষ করে] Where did all these books come from?

Did you break another box?

সুবিমল । না না সব ঠিক আছে—

[সুবিমল বইগুলোর মধ্যে কিছু খোঁজার চেষ্টা করে]

সমু । Are you looking for something Dad?

সুবিমল । কী ? না না কিছু খুঁজছি না । তোর ডায়েরিটা পড়া হয়েছে ? Can I have it back?

সমু । [আবার বই গোছাতে শুরু করে] Oh, Yes! It was just unputdownable । I could have never imagined you had such an exciting past ।

ভাস্কর । [সুবিমলের কাছে এসে] And quite a bloody past too! [সমু ভাস্করের কথা শুনতে পার না]

সুবিমল । Bloody past...?

সমু । Yes, a bit bloody too । You tried to be subtle in your text but I could figure that your armed struggle was not at all the Gandhian type । Dad, did you ever have to kill some one?

সুবিমল । No, never! I never killed anyone ।

ভাস্কর । সেবারে তোর বোমাটা নিশানা মিস না করলে হয়তো এই কথাটা বলতে পারতিনা না ।

সমু । Well, you may not have yourself killed someone, but you must have been indirectly responsible for quite a few “annihilation” operations, right? [সুবিমল নিরুত্তর]

ভাস্কর । চুপ করে আছ কেন সুবিমল ? উত্তর দাও । তুমি কি কোনো মৃত্যুর জন্যই দায়ী নও ?

সুবিমল । আমি কেন দায়ী হতে যাব ? পাঁচ দায়ী, আমাদের নেতারা দায়ী । আমরা তো কেবল তাদের অনুসরণ করেছি মাত্র ।

সমু । But Dad, did you really feel that armed revolution was the only means to achieve socialism? What made you folks believe that “annihilation of the class enemy” was the only means to achieve social justice?

ভাস্কর । কই হে Theoretician, ছেলেকে উত্তর দাও । তোমার সেই গরম গরম লেখা থেকে পড়ে শোনাও ।

সুবিমল । It was a mistake; a huge mistake ।

সমু । A mistake...? You say this now?

সুবিমল । না আমি অনেক আগেই বুঝতে পেরেছি, একটা মস্ত ভুল আমরা করে বসেছি ।

ভাস্কর । কবে সুবিমল ? কবে বুঝলি কথাটা ?

সমু । But your diary does not say so । Is there any more of your diaries? There must be, this one seems incomplete and ends sometime in early 1971 ।

ভাস্কর । সে কি রে ? আরও ডায়েরি আছে নাকি ? তুই যে বললি—

সুবিমল । না, আর কোনো ডায়েরি নেই সমু । আর কোনো ডায়েরি নেই ।

সমু । But Dad, how did this all end? There must have been some conclusion?

সুবিমল । July 28, 1972; everything stopped ।

সমু । What...? What happened... on July 28?

[সুবিমল চুপ করে থাকে ।]

ভাস্কর । বল সুবিমল, বলে ফেল । এদের জানা প্রয়োজন ।

সুবিমল । Charu Mazumdar died ।

ভাস্কর । ব্যস এইটুকু! কী ভাবে মারা গেলেন সেটা বল । নাকি তোর ভয় করছে বলতে ?

সুবিমল । He was killed by the police । He was tortured to death inside his prison cell । His body was not even handed over to his family ।

সমু । Charu Mazumdar! You mentioned him several times in your diary । He was the leader of this entire movement, right?

সুবিমল । সমু তুই কেন এইসব কথা জানতে চাইছিস ? কেন ? কি হবে জেনে ?

সমু । Dad, what are you talking about? This is our history! I need to know all the details । I know that the sixties was an interesting time । All over the world, in America, in Europe, in Asia the angry youth tried to bring in a radical change । But I never knew that in India, in Bengal, the youth were involved in a similar uprising! Looking at your other Bengali friends and from my visits to Kolkata । I never imagined that the Bengalis could ever rise up to a revolution, let alone an armed revolution । your diary totally changed my perspective । I need to know more Dad, I need to know more ।

ভাস্কর । সুবিমল চুপ করে থাকিস না, ও জানতে চাইছে— ওকে বল । ওকে বল, তোর মুক্তির জন্য ওকে বল ।

সুবিমল । না আমি বলতে পারব না । কিসের মুক্তি ভাস্কর ? আমি মুক্তি চাই না । সমুকে



আমি বলব না।

সমু । Dad, tell me Dad । Please !

সুবিমল । এ বিষয়ে অনেক বইপত্র আছে, যোগাড় করে পড়ে নিস। আমি কিছু জানিনা।

সমু । Dad, come on! You have lived the experience । Your diary says so ।

How can you say— আমি কিছু জানিনা ? [ডায়েরি খুলে একটি বিশেষ পাতা বার করে] Here, here you mention about the Cossipore Baranagar massacr । What happened? And what are these “encounter killings” ।

ভাস্কর । এখানে চুপ করে থাকবি সুবিমল? তোর ছেলে, তোর উত্তরাধিকারী, তোর পরবর্তী প্রজন্ম তোকে প্রশ্ন করছে, আর তুই চুপ করে থাকবি? ছি ছি সুবিমল তুই এত ভীত হয়ে গেছিস? ছিঃ।

সুবিমল । বরানগর কাশীপুরে সেদিন হত্যালীলা চলেছিল। যুবক কিশোর যাকে সামনে পেয়েছিল, নির্বিচারে হত্যা করেছিল। বয়স্কদের গায়ে কেরোসিন ঢেলে আগুন জ্বালিয়ে দিয়েছিল।

ভাস্কর । খেমে গেলি কেন বল! কমরেড পাঁচুগোপাল দে আর কমরেড করুণা সরকারের কথা বল।

সুবিমল । কমরেড পাঁচুগোপাল দে-র হাত পা কেটে টুকরো টুকরো করে হত্যা করেছিল।

কমরেড করুণা সরকারের... [ভাস্করকে] না, আমি আর বলতে পারব না।

ভাস্কর । তোকে বলতেই হবে সুবিমল, তুই বল। কমরেড করুণা সরকারের বৃকে—

সুবিমল । কমরেড করুণা সরকারের বৃকে—

ভাস্কর । তলোয়ার দিয়ে কেটে—

সুবিমল । তলোয়ার দিয়ে কেটে—

ভাস্কর । লিখে দিয়েছিল...C.P.I.M. L

সুবিমল । লিখে দিয়েছিল...C.P.I. M.L

সমু । Who did this Dad? This is an outright violation of human rights ।

Who did this? [সুবিমল নিশ্চুপ]

ভাস্কর । বলতে লজ্জা করছে সুবিমল? খুব লজ্জা করছে?

সুবিমল । The police and—

সমু । And?

সুবিমল । Goondas! Yes, goondas of the opposition political parties ।

সমু । And these “encounter killings”?

সুবিমল । পুলিশ যে কোনো লোক কিশোর বা যুবককে নকশাল সন্দেহ করলেই বাড়ি থেকে তুলে নিয়ে যেত। তারপর দূরে কোনো ফাঁকা জায়গায় ছেড়ে দিয়ে বলত—

পালাও। তারপর পেছন থেকে গুলি করে মেরে ফেলত ওদের। কাগজে বেরোত পুলিশ এনকাউন্টারে মারা গিয়েছে কিছু সমাজবিরাগী।

সমু । This is inhuman brutality! And after all this you say that this was a mistake? All these young men and women gave their lives for nothing? It was all futile? [সমুর সেলফোন বেজে ওঠে— সমু ফোনটা দেখে] Dad, please excuse me; I got to take this ।

[সমু ফোন কানে সিঁড়ির নীচে সরে যায়]

ভাস্কর । ব্রাত্যে সমু ব্রাত্যে! সমুর মতো ছেলেরা যদি আমাদের আত্মত্যাগ বুঝতে পারে, তাহলেই তো আমরা অনেকটা সার্থক, তাই না? কি রে কিছু বল।

সুবিমল । না ভাস্কর, সমু বুঝতে পারবে না। সমু হয়তো সহানুভূতি দেখাতে পারবে, কিন্তু বুঝতে পারবে না। বুঝতে পারা সম্ভব নয়। আমিও বুঝতে পারিনি।

ভাস্কর । তুই বুঝতে পারিস নি? কি করে বলছিস একথা? তোর ডায়েরি তো তা বলে না।

সুবিমল । না আমি বুঝতে পারিনি। বুঝতে পারলে আমি কী করে—

সমু । [ফোন বন্ধ করে আসে] Dad, this reminds me । Wasn't Mama, I mean Ma's elder brother, involved in some movement like this? He was killed in a police encounter too, right?

সুবিমল । [স্বস্তিত হয়ে] তুই— তুই কী করে জানলি এসব?

সমু । Ma told me, long time ago । She has a photograph of him in her closet । One day she was crying with the photograph in her hands । She told me that he... I mean Mama, was a political activist and was killed in a police encounter । That's all । She never gave me any details । His name was...name was...

সুবিমল । ভাস্কর!

সমু । Right! Bhaskar! Means Sun । She told me that too । She said that... that was the day... when he was killed । It was...

সুবিমল । 17<sup>th</sup> May... today's date! আজকের দিন।

সমু । My God! What a coincidence! It's unbelievable! Dad, do you have his photograph? We must commemorate this day ।

সুবিমল । না আমার কাছে নেই। তোর মা-র কাছে আছে বোধহয়, কিন্তু হয়তো বাক্সে প্যাক হয়ে গেছে।

সমু । I think I know where the photo is । Let me get it । [সিঁড়ির কাছে দৌড়ে

যায়, তারপর ফিরে যায়] .Dad, Remember I was telling you that Dadu used to hug me and cry whenever he saw me? I now remember, he used to mumble, “Bhaskar, Bhaskar...” I never realized that he was uttering Mama’s name।

সুবিমল । তোর মামার মৃত্যুতে তোর দাদু খুব বড় আঘাত পেয়েছিলেন। একমাত্র ছেলে—

সমু । . Dad, you knew Bhaskar Mama , right?(সুবিমল সম্মতি সূচকভাবে মাথা নাড়ে) Dad, do you think I look like Bhaskar Mama? Do I have resemblance?

সুবিমল । [চমকে ওঠে] কই নাতো! আমি তো কিছু—

ভাস্কর । ভালো করে দেখ সুবিমল। কোনো মিলই খুঁজে পেলি না?

সমু । Well, Mom sometimes said that at certain angles I do have some resemblance। Anyway, let me try to get the photo। [সিঁড়ি দিয়ে ওপরে উঠে যায়]

ভাস্কর । কিরে কোনো মিল খুঁজে পেলি না?

সুবিমল । না, কোনো মিল নেই ভাস্কর। সমু সম্পূর্ণ অন্যরকম ছেলে।

ভাস্কর । তা হবে। তবে মামার চেহারার সাথে মিল থাকাটাও তো আশ্চর্যের কিছু নয়, কি বল [সুবিমল আবার খুঁজতে থাকে]

ভাস্কর । কী খুঁজছিস বলতো সুবিমল?

সুবিমল । কিছু না, কিছু না।

ভাস্কর । কেন নিজেকে deny করছিস সুবিমল? কেন? তুই ভয় পেয়েছিস না? তুই ভয় পেয়েছিস তোর ছেলে তোর আসল কথা জেনে যাবে তাই না? তোর ছেলের চোখে তুই ছোট হয়ে যাবি, সেই ভয় পাচ্ছিস তুই। সত্যি কথা বল।

সুবিমল । হ্যাঁ, হ্যাঁ, ভয় পাচ্ছি। এতদিন যে কথা কেউ জানতে পারেনি—এতদিন যে সব কথা এই বৈভব বিলাসের আড়ালে চাপা পড়ে ছিল, কেন তা আজ বেরিয়ে আসছে? সমুর কোনো প্রয়োজন নেই সেই সব কথা জানার। দ্বিতীয় ডায়েরিটা কিছুতেই ওর হাতে পড়তে দেব না আমি।

ভাস্কর । তাহলে স্বীকার করছিস আরেকটা ডায়েরি আছে।

সুবিমল । হ্যাঁ আছে। আর সেটাই সবচেয়ে ভয়ংকর ডায়েরি। [পাগলের মতো খুঁজতে থাকে] আজই পুড়িয়ে ফেলব আমি। এখনেই কোথাও আছে। দুটো ডায়েরি একসাথেই থাকত।

ভাস্কর । ঐ ডায়েরিতে কি লিখেছিস রে? তোর বিশ্বাসঘাতকতার স্বীকারোক্তি?

[সুবিমল ধপাস করে বসে পড়ে]

ভাস্কর । [সুবিমলের কাছে এসে ওর মাথায় হাত বুলিয়ে দিতে দিতে বলে] পুলিশ লক আপে খুব অত্যাচার করেছিল নারে? খুব কষ্ট, খুব যন্ত্রণা পেয়েছিলি, না? [সুবিমল কান্নায় ভেঙে পড়ে]

সুবিমল । যখন সাঁড়াশি দিয়ে নখগুলো উপড়ে দিচ্ছিল, তখন আর পারিনিরে। আর সহ্য করতে পারিনি। আমি সব বলে ফেলেছিলাম।

ভাস্কর । আমরা ঠিক এই সন্দেহই করেছিলাম। তুই টর্চার সহ্য করতে পারবি না, তুই সব বলে ফেলবি।

সুবিমল । কিন্তু বিশ্বাস কর, আমি কিন্তু বলেছিলাম তোরা মৌড়িগ্রামে, সমীরের মাসির বাড়িতে গা ঢাকা দিয়েছিস। তোদের তো কথা ছিল হাবরায় গিয়ে শেলটার নেবার।

ভাস্কর । হ্যাঁ সেই কথাই ছিল, কিন্তু শেষ মুহূর্তে তোর কথা ভেবেই মৌড়িগ্রামে চলে যাই। আমার আশঙ্কা ছিল তুই বেশিক্ষণ কথা চেপে থাকতে পারবি না। কিন্তু খেয়াল ছিল না। তুই মৌড়িগ্রামের ডেরাটার কথাও জানতিস।

সুবিমল । কিন্তু ভাস্কর তুই বিশ্বাস কর, আমি কিন্তু পুলিশকে মিসগাইড করবার জন্যই মৌড়িগ্রামের কথা বলেছিলাম। আমি কি করে জানব যে তোরা—

ভাস্কর । সুবিমল তুই হাবরায় বললি না মৌড়িগ্রাম বললি তাতে কিছু যায় আসে না রে। মৌড়িগ্রামে আমাদের না পেলে পুলিশ আবার তোকে টর্চার করত আর তখন তুই হায়ার কথা বলতিস। আসল কথা হল— বেইমানি। বিশ্বাসঘাতকতা। যে বন্ধুদের সাথে এক সাথে বিপ্লবের শপথ নিয়েছিলি, পণ করেছিলি যে চরম অত্যাচারের মুখেও দলের সবরকম গোপনীয়তা বজায় রাখবি, কোনো পরিস্থিতিতেই কমরেডদের সুরক্ষা কপ্রোমাইজ করবি না সেই শপথ তুই ভেঙেছিস। You betrayed us।

সুবিমল । I am sorry Bhaskar! I am sorry! আমাকে তুই ক্ষমা কর। আমি সারাজীবন ধরে এই পাপের বোঝা নিয়ে ঘুরে বেড়াচ্ছি। আমাকে মুক্তি দে ভাস্কর, মুক্তি দে।

ভাস্কর । আমি মুক্তি দেব? তা হয়তো দিতে পারি। তুই তো একেবারে আমাকে ডুলে যাস নি। এদেশে পালিয়ে এসেছিস বটে, কিন্তু আমার বাবার সংসারটাকে ভেসে যেতে দিস নি। আমার বোন চল্লিমােকে বিয়ে করেছিস। সেই সব কারণে তোকে ক্ষমা করাই যায়, কি বল? আমি থাকলেও এতটা করতে পারতাম না। [সুবিমল চুপ করে থাকে] কিন্তু সুবিমল— সমীর, বিজন, ভানু ওরা তোকে ক্ষমা করবে তো? আমার আগে ওদের তিনজনকেই তো পড়ে যেতে দেখেছিলাম।

সুবিমল । সমীর, বিজন, ভানু—

ভাস্কর । হ্যাঁ—প্রায় ভোরের দিকে পুলিশ এসে ঘিরে ফেলেছিল সমীরের মাসির বাড়ি। আমরা surrender করেছিলাম। আমাদের হাতে হাতকড়া পরিয়ে পুলিশ ভ্যানে

তুলে নিল। প্রায় আধঘণ্টা পরে, হঠাৎ একটা জায়গায় ভ্যানটা থামিয়ে নামতে বলল আমাদের। কিছুটা হাঁটিয়ে নিয়ে গেল রেল লাইনের ওপরে। তারপর আমাদের চারজনের হাতকড়া খুলে দিয়ে বলল, “পালাও”।

সুবিমল। Encounter!

ভাস্কর। আমরা প্রথমে একটু হতচকিত হয়ে পড়েছিলাম। কী করব বুঝতে পারছিলাম না। অফিসারটা ওর রিভলবার উচিয়ে ধমকে উঠল— পালাও, দৌড়ও — or I will shoot! আমরা দৌড়তে শুরু করলাম। মনে আছে আমরা পূর্বদিকে দৌড়ছিলাম, কারণ আমাদের সামনে আকাশ তখন লাল হয়ে আসছিল— সূর্যোদয়ের সময়। হঠাৎ দেখলাম আমার সামনে ডানদিকে ভানু হুমড়ি খেয়ে পড়ে গেল। কোনো শব্দ তখনও কানে আসেনি। ওর সামনে ধমকে দাঁড়িয়ে পড়তেই দেখি, ওর পিঠ দিয়ে রক্ত, গুলিটা একেবারে মোক্ষম জায়গায় লেগেছে। পেছন ফিরে দেখি সেই অফিসার তার রিভলবারটা সমীরের দিকে তাক করে পর পর দুটো গুলি করল। প্রথমটা মিস করলেও দ্বিতীয়টা করেনি। আমি আবার ছুটতে শুরু করেছিলাম। দেখলাম বিজনও পড়ে আছে মাটিতে। ভাবলাম ট্রেন লাইন ছেড়ে নেমে পড়ি, তাহলে সহজে নিশানা করতে পারবে না। আর ঠিক সেই সময়েই, মনে হল পেছন থেকে কে যেন প্রচণ্ড একটা ধাক্কা দিয়ে ফেলে দিল। বুলেটটা আমার পিঠ দিয়ে চুকে সোজা হার্টে সোঁধিয়ে গিয়েছিল।

সুবিমল। Please stop! ভাস্কর আর বলিস না— please আমি আর সহ্য করতে পারছি না। Please have pity on me।

ভাস্কর। ঠিক আছে! আর বলব না। কিন্তু সুবিমল, একটা কথা তুই আমায় বোঝা। তুই আমাদের কথা ফাঁস করে দিলেও পুলিশ কি করে তোকে ছেড়ে দিল বলতো? তোর বিরুদ্ধে যথেষ্ট অভিযোগইতো ছিল। কোনো জেল টার্ম নয়, কিছু নয়, একেবারে বেকশুর খালাস। এতো একেবার ম্যাজিক। আমাদের জীবন এত মূল্যবান ছিল বলেতো জানতাম না।

সুবিমল। ভাস্কর, তুই কি আজ আমাকে একেবারে শেষ করে দিবি? আমার শেষ লজ্জাটুকুও ঢাকতে দিবি না?

ভাস্কর। আহা বলেই ফেল না। এত কথাই যখন হল, তখন এটুকুই বা বাকি থাকে কেন? বল সুবিমল, কেন তোকে পুলিশ এত সহজে ছেড়ে দিল, বল?

সুবিমল। বাবা—

ভাস্কর। মেসোমশাই! হ্যাঁ, তোর বাবার সাথে পুলিশ কমিশনারের কি একটা ঘনিষ্ঠতা ছিল, তাই না?

সুবিমল। আমার বাবার স্কুলের সহপাঠী। বাবাকে বলেছিল, আমি তোদের কথা বলে

দিলে আমাকে ছেড়ে দেবার ব্যবস্থা করবে। বাবা আমাকে অনেক বুঝিয়েছিল, মা তখন ভীষণ অসুস্থ হয়ে পড়েছিল। বাবাও হার্টের পেশেন্ট। আমি ভীষণ দুর্বল হয়ে পড়েছিলাম— আমি—

ভাস্কর। বুঝেছি। তারপর তুই ছাড়া পেতেই তোকে সোজা আমেরিকা চালান করে দিলেন, তাই তো?

সুবিমল। হ্যাঁ, প্রথমে কিছুদিন বসে, তারপর সেখান থেকে U.K. হয়ে আমেরিকা। তোদের ব্যাপারটা U.K পৌঁছানোর আগে আমাকে কেউ জানতে দেয়নি। বলেছিল তোরা ধরা পড়েছিস, এইমাত্র।

ভাস্কর। আমরা ধরা পড়লাম আর তুই মুক্তি পেলি—কী বল?

সুবিমল। ঠিকই বলেছিস। ঠিক সেই মুহূর্তে মনে হয়েছিল, দেশ থেকে তোদের থেকে যতদূরে পালিয়ে যেতে পারি তত ভালো। সেই থেকে প্রতিটি দিন— আজ পর্যন্ত, তোদের ভুলে থাকতে চেয়েছি। আর সেই চেষ্টা করতে গিয়ে রোজ মনে করেছি তোদের। মনে করেছি সেই সব দিনের কথা— আর আমার ভেতরটা পুড়ে পুড়ে ছাই হয়ে গিয়েছে।

ভাস্কর। ছাই হওয়াটা ভীষণ প্রয়োজন সুবিমল, ছাই হওয়াটা ভীষণ প্রয়োজন। কারণ সেই ভয় থেকেই কিংবদন্তীর সেই ফিনিশ পাবির মতো নবজন্ম নিতে পারে মন। [বেসমেন্টের সিঁড়ির ওপর দাঁড়িয়ে চিৎকার করে ওঠে সমু। সমুর হাতে ভাস্করের ছবি এবং আরেকটি ডায়েরি]

সমু। Dad! You are a betrayer Dad! You killed Mama, You killed Bhaskar!

সুবিমল। না, সমু না। আমি ভাস্করকে খুন করিনি।

সমু। You are a liar! [সুবিমলের দিকে ডায়েরি ছুড়ে দেয়] You wrote it yourself in this diary! how can you deny it?

[সুবিমল ডায়েরিটা কুড়িয়ে নেয়।]

সুবিমল। এটা কোথায় পেলি সমু? কোথায় পেলি? [সমু নেমে আসে]

সমু। It was hidden in Ma's box... with this photograph of Bhaskar Mama... in this envelope।

সুবিমল। চন্দ্রিমার কাছে ছিল? তার মানে চন্দ্রিমা সব জানে? কি হবে ভাস্কর, কি হবে তাহলে? চন্দ্রিমা সব জানে।

সমু। Of course she knows everything। I am just amazed... how she could live with you... after knowing the fact that you murdered her own brother!

সুবিমল। সমু বিশ্বাস কর, আমি ভাস্করকে খুন করিনি। পুলিশ, পুলিশ মেরেছে ভাস্করকে

false encounter -এ। দেখ আমি লিখেছি, দেখ। [ডায়েরি খুলে দেখায়]

সমু। Stop it, Dad stop it! Does it matter who pulled the trigger? If you hadn't squealed to the police, Bhaskar could have survived; Bhaskar mama and your other friends... or should I say your comrades?

সুবিমল। [কান্নায় ভেঙে পড়ে] আমি চেষ্টা করেছিলামরে সমু, চেষ্টা করেছিলাম। আশ্রয় চেষ্টা করেছিলাম। ওরা আমার পাজরার হাড় ভেঙে দিয়েছিল, ঘাড়ে জ্বলন্ত সিগারেট চেপে ধরেছিল, তাও কিছু বলিনি। কিন্তু যখন সাঁড়াশি দিয়ে নখগুলো উপড়ে নিচ্ছিল তখন আর সহ্য করতে পারিনি, আমি সব বলে ফেলেছি।

সমু। That cannot be an excuse! The fact is... you realized that the deal that your father had arranged with the police was too good to pass! You just jumped at the opportunity and fled to America! I just can't believe it!

সুবিমল। আমি সব মেনে নিচ্ছি সমু, সব। আমি আমার সব অপরাধ স্বীকার করছি। সারা জীবন ধরে চেষ্টা করে গেছি এই অপরাধবোধ থেকে মুক্তি পাবার।

সমু। Do you think that by marrying Ma, Bhaskar's sister, you have achieved some kind of redemption? You threw some dollars at your father—in law's face and that paid for his loss?

সুবিমল। না সমু না, আমার অপরাধের কোনো ক্ষমা নেই আমি জানি। কিন্তু তুই আমাকে ঘৃণা করিস না। Please don't hate me! [হাত বাড়িয়ে সমুকে স্পর্শ করতে যায় সুবিমল]

সমু। Don't touch me! I hate myself! I hate that I am the son of a coward, a betrayer! How can I stand in front of Dadu now? What shall I tell him, "Come on Dadu, give me a hug... hug the son of your son's murderer"?

সুবিমল। Somu, please don't say that। তোর দাদু জানে না— কেউ জানে না, কেবল আমার বাবা জানতেন— and he died two years after this incident।

সমু। But Dad, I know ... Mom knows। How can I live with this burden? I wish I had never opened that diary।

সুবিমল। [শ্রায় বিভ্রাট করতে করতে] আমি তোকে বারণ করেছিলাম সমু, আমি তোকে বারণ করেছিলাম। I was afraid of this। This was my worst nightmare and it came true।

সমু। Dad, I am leaving! I don't think I will be able to live with you

anymore। I am leaving। [ছুটে বেরিয়ে যায়]

সুবিমল। সমু যাস না, সমু please don't leave me alone! please! [ভাস্করকে] সমু চলে গেল ভাস্কর, সমু চলে গেল।

ভাস্কর। তাই তো দেখলাম। তবে চলে যাওয়াই ভালো, কি বল? ওর মনেও তো অনেক প্রশ্নের বাড় বইছে তাই না। সে প্রশ্নের উত্তরও তো ওকে নিজেকেই খুঁজতে হবে।

সুবিমল। আমি বড্ড ছোট হয়ে গেছি রে, সমুর চোখে বড্ড ছোট হয়ে গেছি। আর চন্দ্রিমা? চন্দ্রিমা তো সব জেনে ফেলেছে ভাস্কর—ও তো কখনো কিছু বলেনি। কখনো বুঝতে দেয়নি আমাকে। চন্দ্রিমা নিশ্চয়ই আমাকে ঘৃণা করে, ভীষণ ঘৃণা করে। ছিঃ ছিঃ ভাস্কর! কেন আমি এই ডায়েরিটা রেখেছিলাম। কেন এই ডায়েরিগুলো পুড়িয়ে ছাই করে ফেলিনি।

ভাস্কর। কারণ এই ডায়েরিই তোর মুক্তির কারণ হবে বলে। ছাই থেকে তোর ফিনিঞ্জের মতো নবজাগরণ হবে বলে।

সুবিমল। কি বলছিস তুই?

ভাস্কর। পড়ে দেখ এই ডায়েরিতে চন্দ্রিমা কি লিখে রেখেছে, পড়।

[সুবিমল ডায়েরি পড়ে। চন্দ্রিমা মঞ্চ আসে।]

চন্দ্রিমা। সুবিমল, যখন তোমার এই ডায়েরিটা হাতে এল, তুমি তখন জার্মানিতে বিজনেস ট্রিপ-এ। বেসমেন্টটা গোছাতে গিয়ে হঠাৎই হাতে চলে এল ডায়েরিটা। খুলতেই চোখে পড়েছিল দাদার নাম, তাই পড়বার লোভ সামলাতে পারিনি। কিন্তু না পড়লেই বোধ হয় ভালো করতাম। পরপর তিন রাত আমি ঘুমোতে পারিনি। দাদার ছবিটা হাতে নিয়ে অবিরল খালি কঁদে গিয়েছি। অসম্ভব ঘৃণা হচ্ছিল তোমার ওপর, আমার নিজের ওপর। এতগুলো বছর আমি আমার দাদার হত্যাকারীর সাথে কাটিয়েছি ভাবলে সারা শরীর রাগে দুঃখে ঘৃণায় অস্থির হয়ে উঠছিল। একসময় ভেবেছিলাম তোমায় ছেড়ে দূরে কোথাও পালিয়ে যাই। তোমার যত যুক্তি, যত সাফাই, যত অজহাত তুমি তোমার ডায়েরিতে লিখেছ, সব মনে হয়েছে মিথ্যে। নিজেকেও কত ছোট মনে হয়েছে। মনে হয়েছে দাদার মৃত্যুর প্রায়শ্চিত্ত করার জন্যই তুমি আমাকে বিয়ে করেছিলে। আমাদের পরিবারের প্রতি অনুকম্পা-বশত। ঠিক সেই সময়েই তুমি ফোন করলে জার্মানি থেকে। বার্লিনের ভগ্ন প্রাচীর দেখে তুমি তখন ভীষণ উত্তেজিত হয়ে ফোন করেছিলে। আর সেইদিন, বহু বছর বাদে তুমি দাদার নাম করেছিলে। বলেছিলে, আজ যদি তুমি ভাস্করকে এই ভাঙা প্রাচীর দেখাতে পারতে, তাহলে ভাস্করকে ধরে তুমি বলতে, 'দেখ ভাস্কর, দেখ। কিসের জন্য তোরা শ্রাণ দিয়েছিস দেখ— সব ভেঙে গুঁড়িয়ে দিয়েছে মানুষ। কম্যুনিজম কিছু নয় রে, মানুষের অহংকারের দেয়াল যতদিন না চূর্ণ হচ্ছে, ততদিন শ্রেণিহীন সমাজ সম্ভব নয় রে।

তোরা বৃথাই প্রাণ দিলি।' আমি শুনতে পাচ্ছিলাম তোমার গলা কানায় বুজে আসছিল। ঠিক সেই মুহূর্তেই তোমাকে ক্ষমা করে দিয়েছিলাম আমি। আমি বুঝতে পেরেছিলাম একটা অনিচ্ছাকৃত ভুলের জন্য কি প্রচণ্ড সাজা তুমি সারা জীবন ধরে ভোগ করে চলেছ। বুঝতে পেরেছিলাম, জীবনের প্রতিটি মুহূর্ত তুমি দাদাকে মনে করে রেখেছ। এও বুঝেছিলাম, আমাকে বিয়ে করার একটাই উদ্দেশ্য তোমার, দাদাকে আরও কাছে পাওয়া। দাদাকে তুমি তোমার জীবনের প্রতিটি মুহূর্তে জীবিত রাখতে চেয়েছ, এবং পেরেছ। অথচ আমি, ভাস্করের নিজের বোন, দাদাকে প্রায় ভুলতেই বসেছিলাম। আজ তোমার প্রতি আমার কোনো অভিযোগ নেই। যে ভুল তুমি করেছিলে, তার শাস্তি তুমি নিজেকেই নিজে দিয়েছ। আমার আর নতুন করে কোনো সাজা দেবার অধিকারও নেই, ইচ্ছেও নেই। হয়তো তুমি যদি আগে আমাকে এই কথা জানাতে, আমাকে বোঝাতে, তাহলে অনেক আগেই তুমি তোমার পাপবোধ থেকে মুক্তি পেতে। হয়তো মুক্তি তুমি চাওনা। তাই আমিও কিছু তোমায় বলব না। শুধু তোমার এই ডায়েরিতে লিখে গেলাম আমারও জবানবন্দী। যদি কোনোদিন তোমার হাতে পড়ে এই ডায়েরি, আমি যদি সেদিন নাও থাকি, অন্তত তোমার মনকে তুমি সাঙ্গনা দিতে পারবে। [চন্দ্রিমা চলে যায়]

সুবিন্দু। ভাস্কর, আমি কি সারাজীবন কেবল ভুল করে যাব? কেন আমি চন্দ্রিমাকে আগে বললাম না?

ভাস্কর। কারণ তুই ভয় পেয়েছিলি, তাই না। ভয় পেয়েছিলি, চন্দ্রিমাকে বললেই ওকে হারাবি। আর সেই সাথে—

সুবিন্দু। তোকেও হারাব। চন্দ্রিমা ঠিক বলেছে রে। আমি বোধহয় তোকে পাওয়ার জন্যই চন্দ্রিমাকে বিয়ে করেছিলাম। যাতে কোনোদিনও তোকে না ভুলি। ভাস্করের প্রতিফলন দেখতে চেয়েছিলাম চন্দ্রিমা আর সোমশুভ্রর মধ্যে।

ভাস্কর। আর সেই কারণে আমিও তোকে ছেড়ে যেতে পারিনি কোনোদিন। কিন্তু আর বোধহয় তোর প্রয়োজন হবে না আমাকে।

সুবিন্দু। কী বলছিস তুই?

ভাস্কর। পেছনে দেখ, তাহলেই বুঝতে পারবি।

[সুবিন্দু পিছন ফিরে দেখে, মাথা নিচু করে দাড়িয়ে আছে সমু।]

সুবিন্দু। সমু, তুই কি সত্যি আমাকে ছেড়ে চলে যাবি?

সমু। Dad!

সুবিন্দু। আমি জানি আমাকে তুই ঘৃণা করিস, আমি তোকে কোনো দোষ দেব না। তুই আমাকে যে কোনো শাস্তি দিতে চাস, দিতে পারিস। আমি কোনো প্রতিবাদ করব না। Just please don't leave me।

সমু। Dad, did it hurt a lot when they tortured you? It must have been very painful.

[সুবিন্দু কঁাদতে কঁাদতে বসে পড়ে।]

সুবিন্দু। হাঁসে সমু ভীষণ কষ্ট হয়েছিল রে। আমি আর মাথার ঠিক রাখতে পারিনি। কি ভীষণ ভুল করে ফেলেছি, কী ভীষণ ভুল।

সমু। No Dad, please don't feel so bad। I was wrong। How can a man retain his sanity under such severe in human torture? It was not your fault।

সুবিন্দু। তুই বলছিল সমু, তুই বলছিস আমার কোনো দোষ নেই?

সমু। It cannot be your fault। Those beasts coerced the statements out of you। Even the toughest of man could have broken down under such torture। I am sure, if Bhaskar Mama was in the same situation, he would have done exactly the same। I am sorry I yelled at you Dad। Please forgive me।

সুবিন্দু। কী করে বলছিস তুই একথা? ভাস্করও?

সমু। Yes Dad, It's not my word। I spoke with Mom। She said the same thing। I am sorry Dad, I am sorry।

সুবিন্দু। [ভাস্করকে] ভাস্কর, সমু যা বলছে তা কি সত্যি? তুইও কি ভেঙে পড়তিস ওদের অত্যাচারে?

ভাস্কর। জানিনা, হয়তো পড়তাম। কতটা সহ্য করতে পারব তাতো কোনোদিন পরীক্ষা করিনি। তবে সব মানুষেরই তো সহ্যের সীমা থাকে, আমারও ছিল।

সমু। Dad, you got to promise me something।

সুবিন্দু। কী সমু? বল, তুই আমাকে যা বলবি আমি তাই শুনব।

সমু। Dad, you'll have to write about this; about Bhaskar mama; about yourself; about those tumultuous days of Bengal! You got to let the whole world know the sacrifices these young men and women made for the sake of their ideology। Why are you trying to judge yourself? Let the whole world be the judge। Let them decide whether you were right or wrong।

সুবিন্দু। কিন্তু সমু আমি কি পারব? আমি কি পারব আমার কন্ঠের প্রতি সুবিচার করতে?

সমু। Of course you will। You lived the experience all your life। You got



to do it ! You owe it to yourself... to Bhaskar mama... to your friends !  
Dad, this is your only way to redemption !

সুবিমল । ভাস্কর, ভাস্কর, আমি আমার মুক্তির পথ পেয়ে গেছি রে । [ ঘুরে আর ভাস্কর কে দেখতে পায় না । সমুর কাছে এসে সমুর গায়ে মুখে হাত বোলাতে বোলাতে বলে ] ভাস্কর আমি লিখব তোদের কথা, লিখব আমার কথা । কিছু গোপন করব না ভাস্কর । কিছু লুকোব না—

সমু । Dad, I am Somu ! I am not Bhaskar ! You are... just like Dadu ! Oh by the way, I have decided to fly to Kolkata tomorrow ! I think Dadu would like to have Bhaskar at his side... now !

সুবিমল । ঠিক বলেছিস সমু— ঠিক বলেছিস । চল সমু, আমিও যাব তোর সঙ্গে । আমার শুদ্ধি শুরু হোক তোর হাত ধরে । তোর দাদুর আশীর্বাদ এখন আমার ভীষণ প্রয়োজন । আমায় নিয়ে চল সমু, আমায় নিয়ে চল ।

[সমু ও সুবিমল আলিঙ্গনাবদ্ধ হয়—আলো নিভে যায় ।]